দামুড়হুদায় ২দিনব্যাপী উপজেলা সাহিত্য মেলা-২০২৩ উদ্ধোধন

দামুড়হুদা উপজেলায় ২দিনব্যাপী উপজেলা সাহিত্য মেলা-২০২৩ উদ্বোধন করা হয়েছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কবি সাহিত্যিক শিল্পীরাও অগ্রণী ভূমিকা রাখবেন বলে আশা ব্যক্ত করেছেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু ও উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় ও দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে গতকাল বৃহস্পতিবার উপজেলা অডিটোরিয়ামে মেলার উদ্বোধন করা হয়। সাহিত্য মেলা উদ্বোধন করেন প্রধান অতিথি উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি জেলা গ্রন্থাগারের লাইব্রেরীয়ান মুনমুন। এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ ।

এসময় সাহিত্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বলেন, কবি সাহিত্যিকদের সৃষ্টিকর্ম জাতীয় পর্যায়ে তুলে ধরার লক্ষ্যে দেশের প্রতিটি উপজেলায় সাহিত্য মেলার আয়োজন করেছে সরকার। এ মেলার মাধ্যমে উপজেলা পর্যায়ে সাহিত্যের প্রসার ঘটানোর পাশাপাশি স্থানীয় সাহিত্যিকদের সাহিত্য কেন্দ্রীয় সাহিত্যে একীভূত করতে চেয়েছে সরকার। উপজেলার বিভিন্ন এলাকায় যেসব কবি-সাহিত্যিক ও লেখক ছড়িয়ে–ছিটিয়ে আছেন দেখা যায় তাদের সাহিত্যকর্ম সাধারণ মানুষের কাছে পৌঁছায় না। যথাযথ পৃষ্ঠপোষকতা,সংগ্রহ-সংরক্ষণের অভাবে বেশিরভাগ ক্ষেত্রেই হারিয়ে যায়। কবি সাহিত্যিকদের জন্য সরকারের এই উদ্যোগ, যাতে তারা হারিয়ে না যায়।

এরপর বেলা সাড়ে ১১টা থেকে সাড়ে ১২টা পর্যন্ত আলোচনা সভার আয়োজন করা হয়। সভায় দর্শনা সরকারি কলেজের সাবেক অধ্যাপক ও নজরুল স্মৃতি সংসদের সভাপতি আব্দুল গফুরের সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন দামুড়হুদা উপজেলা সাহিত্য পরিষদের সভাপতি ইসমাইল হোসেন, আলমডাঙ্গা উপজেলা সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী, চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ, দর্শনা সাহিত্য

পরিষদের উপদেষ্টা আবু সুফিয়ান।
অনুষ্ঠানে আলোচক হিসেবে আলোচনা রাখেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ। এসময় স্বরচিত প্রবন্ধ পাঠ করেন দামুড়হুদা উপজেলা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক সার্থক আলীম।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস,সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী।

সভায় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা জানান, ২৭ ও ২৮ জুলাই উপজেলার অডিটোরিয়ামে দুই দিনব্যাপী সাহিত্য মেলার আয়োজন করা হয়েছে। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয় উপজেলায় যারা শিল্প-সাহিত্যের সাথে জড়িত, সাহিত্যিক ও নবীণ লেখক রয়েছেন তারা প্রথম দিন নাম রেজিস্ট্রেশন করে মেলায় অংশ নিতে পারবেন। বিকাল ৩টায় কবি সাহিত্যিকদের স্বরচিত ছড়া,কবিতা,প্রবন্ধ পাঠ ও অভিজ্ঞতা শেয়ার করেন।